গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০১৩.৯৯.২৪.১৪- ৭৬

তারিখ: ৩০/০৬/২০১৯ খ্রিঃ

বিষয়: তথ্য অধিকার আইন ২০০৯-এর আওতায় তথ্য প্রদান প্রসঙ্গে।

সূত্র: জনাব ভবেশ মুর্মু হতে প্রাপ্ত আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব ভবেশ মুর্মু, পিতা: বাপলাই মুর্মু, মাতা: মালতি হেমব্রম, গ্রাম: বারকোনা, পোস্ট: সরদারপাড়া, উপজেলা: পার্বতীপুর ও জেলা: দিনাজপুর তথ্য প্রাপ্তির জন্য আবেদন করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে চাহিত তথ্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।
সংযুক্ত: ০২ (দুই) পাতা।

৩০/০৬/১৯

দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম : জাহানারা বেগম
পদবী : যুগ্মসচিব (বাজেট)

জনাব ভবেশ মুর্মু
পিতা: বাপলাই মুর্মু
মাতা: মালতি হেমব্রম
গ্রাম: বারকোনা, পোস্ট: সরদারপাড়া, উপজেলা: পার্বতীপুর, জেলা: দিনাজপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:
১। সচিব, তথ্য কমিশন, এফ -৪/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অফিস কপি।

D/Robin/Letter/Information

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর |
|---|---|---|
| | ক) জাতিসংঘ এবং বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত টেকসই উন্নয়নের লক্ষ্যে ৮নং লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বাংলাদেশ সরকার গ্রামাঞ্চলে কর্মসংস্থান বৃদ্ধির জন্য কি কি পদক্ষেপ গ্রহণ করেছে এবং তার ভিত্তিতে জেলা বা উপজেলা পর্যায়ে কি কি কার্যক্রম গ্রহণ করেছে জানতে চাই । | ক) Sustainable Development Goals (SDGs) এর আওতায় ১৬৯ টি টার্গেটের মধ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে মোট ১৮টি টার্গেটের সরাসরি ও আংশিক সম্পৃক্ততা চিহ্নিত করা হয়েছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় SDGs নিম্নোক্ত ৩টি (৮.৫, ৮.৭, ৮.৮) বিষয়ে Lead মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এসডিজি ৮-এর তিনটি টার্গেট ৮.৫, ৮.৭ ও ৮.৮ বাস্তবায়নে Lead Ministry হিসেবে কাজ করছে। লক্ষ্যমাত্রাগুলো মুলত Full and Productive Employment, Decent Work, শিশুশ্রম নিরসন, মানব পাচাররোধ, শ্রমমান প্রতিপালন ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণের সাথে সম্পর্কিত। এসডিজির লক্ষ্যমাত্রা পূরণে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় নিম্নোক্ত প্রকল্প ও কর্মসূচী গ্রহণ করেছে ।<br><br>✓ গার্মেন্টস শিল্পে ৪০ লাখ নারী শ্রমিকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। পরিবর্তিত বিশ্ব পরিস্থিতির সাথে তাল মিলিয়ে শ্রমিকদের আইনগত অধিকার, নিরাপদ ও স্বাস্থ্য সম্মত কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের জনবল ১৩৪ জন থেকে ৯৯৩ জনে বৃদ্ধি করে ২০১৩ সালে অধিদপ্তরে উন্নীত করা হয়েছে।<br><br>✓ অগ্রাধিকার ভিত্তিতে ৩৭৮০টি রপ্তানীমূখী তৈরী পোষাক শিল্পের ভবন, অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা যাচাই সম্পন্ন হয়েছে। কারখানাসমূহের Corrective Action Plan (CAP) তৈরি এবং Detail Engineering Assessment (DEA)-এর মাধ্যমে মেরামত ও সংস্কার কাজ চলমান রয়েছে।<br><br>✓ তৈরী পোষাক শিল্পের ভবন, অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত মেরামত ও সংস্কার কাজের তদারকীর Remediation Coordination Cell বা RCC গঠন করা হয়েছে। ২০১৮ সনের পর Accord & Alliance-এর অবর্তমানে RCC-ই তৈরী পোষাক শিল্পের ভবন, অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে মূখ্য ভূমিকা পালন করছে ।<br><br>✓ Occupational Health and Safety বিষয়ে প্রশিক্ষিত কর্মী গড়ে তোলার লক্ষ্যে শ্রম পরিদর্শকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষিত এ সকল ইন্সপেক্টরগণ শিল্প শ্রমিকদেরকে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষিত করে তুলতে রাজশাহীতে Occupational Safety and Health Institute গড়ে তোলার জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে ।<br><br>✓ পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর আওতায় স্বল্প ব্যয়ে ২৭৫ শয্যা বিশিষ্ট্য আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত পেশাগত রোগের চিকিৎসার ব্যবস্থা করাশ্রমিকদের পেশাগত রোগের চিকিৎসার জন্য নারায়ণগঞ্জের চাষাড়ায় Occupational Diseases Hospital নির্মাণ শীর্ষক ১টি বিশেষায়িত হাসপাতাল নির্মানের উদ্যোগ নেয়া হয়েছে।<br><br>✓ দেশের ০৩ টি পার্বত্য জেলায় বসবাসরত শ্রমিক এবং তাদের পরিবারের সদস্যদের সামজিক কল্যাণ, পেশাগত দক্ষতা উন্নয়ন ও কর্মক্ষেত্রে শ্রমিকের অধিকার প্রতিষ্ঠার সুনিশ্চিয়তাসহ দক্ষতা উন্নয়ন এবং সেবামূলক কার্যক্রম সম্প্রসারণ করার জন্য ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ কার্যক্রম চলমান।<br><br>✓ কর্মজীবী মহিলা শ্রমিকদের জন্য স্বল্প ব্যয়ে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত আবাসনের ব্যবস্থা নির্মাণ করা, সুষ্ঠু ও সামাজিক মান সম্মত আবাসিক পরিবেশ সুনিশ্চিত করা এবং সামাজিক ক্ষমতায়নের মাধ্যমে বসবাসরত মহিলা শ্রমিকদের উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়তা করার জন্য গার্মেন্টস সেক্টরে কর্মরত নারী শ্রমিকদের আবাসন সমস্যা নিরসনের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক চট্রগ্রামে বালুঘাটে ও নারায়ণগঞ্জে বন্দরে ১৭৬০ শয্যা বিশিষ্ট ২টি ডরমিটরী নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| | | ✓ কর্মসংস্থান বৃদ্ধির নিমিত্ত Northern Areas Reduction of Poverty Initiatives (NARI) শীর্ষক প্রকল্পের মাধ্যমে দেশের উত্তরবঙ্গের দারিদ্রপীড়িত এলাকার ১০,৮০০ (দশ হাজার আটশত) জন যুব মহিলাকে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে। ২০১২ থেকে ২০১৮ সাল এ ৬ বছর মেয়াদকালে প্রকল্পটির মাধ্যমে ৯,০২০ জনকে প্রশিক্ষণ প্রদান করে চাকুরির সংস্থান করা হয়েছে।<br><br>✓ ঢাকা, চট্টগ্রাম, ঈশ্বরদিতে ডরমেটরি ও ট্রেনিং সেন্টার গড়ে তোলা হয়েছে। এর মাধ্যমে নারীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হচ্ছে ।<br><br>✓ এছাড়া শ্রম অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন "দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদার করণে রাঙামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ" , "বন্দর ও কালুর ঘাটে শ্রম কল্যাণ কেন্দ্রসহ শ্রমজীবি হোস্টেল নির্মাণ", "শ্রম পরিদপ্তরাধীন ০৬ টি অফিস পূনঃনির্মাণ ও আধুনিকায়ন" শীর্ষক প্রকল্প সূহের মাধ্যমে প্রতিষ্ঠানিক ও অপ্রতিষ্ঠানিক শ্রমিকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে ।<br><br>✓ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশু শ্রম নিরসন(৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পের মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে ঝুঁকিপূর্ণ পেশায় নিয়োজিত ১ লক্ষ শিশুকে ৬ মাস ব্যপি উপানুষ্ঠানিক শিক্ষা এবং ৪ মাস ব্যপি দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে । |

তথ্য অধিকার আইন ২০০৯ মোতাবেক এ তথ্য সরবরাহ করা হলো।

(জাহানারা বেগম)
যুগ্মসচিব (বাজেট)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়